বাংলাদেশ তাঁত বোর্ড
বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.bhb.gov.bd

স্মারক নং: ২৪.০৫.০০০০.৫১১.১১.০০২.১৯-১৯৫

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ তাঁত বোর্ডের নিয়ন্ত্রণাধীন ক্লথ প্রসেসিং সেন্টার (সিপিসি) মাধবদী, নরসিংদী স্ব-উপার্জিত কেন্দ্রটিতে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | সহকারী মহাব্যবস্থাপক ক্লথ প্রসেসিং সেন্টার (সিপিসি), মাধবদী, নরসিংদী | ০১ (এক)টি | ৪৩,০০০-৬৯,৮৫০/- (৫ম গ্রেড) | সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন সরকারি/আধা-সরকারি/কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/টেক্সটাইল মিলে (বিশেষ করে ওয়েট প্রসেসিং মিলে) কমপক্ষে ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতাসহ টেক্সটাইল টেকনোলজীতে ডিগ্রি অথবা ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ টেক্সটাইল টেকনোলজীতে ডিপ্লোমাধারী। টেক্সটাইল ওয়েট প্রসেসিং মিলে সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনূর্ধ ৪০ বছর। তবে অধিকতর অভিজ্ঞতা/উচ্চতর ডিগ্রিধারীর ক্ষেত্রে ০২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ০২ | বয়লার এটেনডেন্ট ক্লথ প্রসেসিং সেন্টার (সিপিসি), মাধবদী, নরসিংদী | ০১ (এক)টি | ১১,০০০-২৬,৫৯০/- (১৩তম গ্রেড) | গ্যাসে পরিচালিত বয়লার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ বাংলাদেশ সরকারের প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় থেকে সনদপ্রাপ্ত এবং কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনূর্ধ ৩০ বছর হতে হবে, তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স ৩২ বছর পর্যন্ত গ্রহণযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে এতদসংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে দাখিল করতে হবে। |

আবেদনের শর্তাবলী:

০১। **বাংলাদেশ তাঁত বোর্ডের গত ০৭.০১.২০১৯ খ্রিঃ তারিখের ২৪.০৫.০০০০.৫১১.১১.০০২.১৯-১৮ নং স্মারকমূলে ০৮.০১.২০১৯ খ্রি: তারিখে 'দৈনিক ইত্তিফাক' এবং ০৯.০১.২০১৯ খ্রি: তারিখে 'বাংলাদেশ প্রতিদিন' পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক উল্লিখিত পদের আবেদনকারীদের আবেদন বহাল থাকবে। তাঁদের পুনরায় উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।**

০২। প্রার্থীদের সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েবসাইট www.bhb.gov.bd হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে ০৭ নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদন ফরম অবশ্যই প্রার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে।

০৩। আবেদনপত্র আগামী ২৪.০৪.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। পরীক্ষার ফি বাবদ ০১ নং পদের ক্ষেত্রে ৬০০ (ছয়শত) টাকার এবং ০২ নং পদের ক্ষেত্রে ২০০ (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চালান আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের খামের উপরে পদের নাম এবং প্রার্থীর নিজ জেলা উল্লেখ করতে হবে।

০৪। (ক) ০২.০৪.২০২৩ খ্রি: তারিখে 'সহকারী মহাব্যবস্থাপক' পদে আবেদনকারীর বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর হতে হবে।
(খ) ০২.০৪.২০২৩ খ্রি: তারিখে 'বয়লার এটেনডেন্ট' পদে আবেদনকারীর বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
(গ) এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারক মোতাবেক চাকরি প্রার্থীদের বয়স ২৫ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলেও প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

০৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন এবং সংশ্লিষ্ট সনদের মূলকপির সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে:
(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র; (খ) জাতীয় পরিচয়পত্র; (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (ঙ) অভিজ্ঞতা সনদপত্র ও প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়ন পত্র।

০৮। প্রার্থীদের লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্যাদি প্রার্থীদের যথাসময়ে বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েবসাইট (www.bhb.gov.bd) এর মাধ্যমে জানানো হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০/০৩/২০২৩

(সুকুমার চন্দ্র সাহা)
পরিচালক (প্রশাসন) [অঃদাঃ]
ও
সদস্য সচিব
নিয়োগ/পদোন্নতি বাছাই কমিটি, বাতাঁবো
ফোনঃ ৫৮১৫২৮৯৮
E-mail: director.admin@bhb.gov.bd